দৈনিক সংবাদ

২৮

তারিখ 07 JUN 1992
পৃষ্ঠা ১ কলাম ৭

### শিক্ষকের ওপর হামলার প্রতিবাদ

# ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ধর্মঘট

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের একজন শিক্ষকের ওপর হামলার প্রতিবাদে এবং অবিলম্বে হামলাকারীকে গ্রেফতার ও তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবীতে গতকাল শনিবার থেকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অনির্দিষ্টকালের জন্যে ধর্মঘট শুরু হয়েছে।

ধর্মঘটের প্রথম দিনে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস-পরীক্ষা হয়নি। শিক্ষকরা অন্য সকল প্রকার কাজকর্ম থেকেও বিরত থাকেন।

এদিকে অবিলম্বে হামলাকারীকে গ্রেফতারের দাবীতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে একটি চিঠি পাঠিয়েছে।

শিক্ষক সমিতির দাবীর পরিপ্রেক্ষিতে ঘটনা তদন্তের জন্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৩ সদস্যের একটি কমিটি গঠন করেছে।